B I (Three Year H)
Under 1+1+1 System

**2018**

# BENGALI (Honours)

FIRST PAPER

( Revised New Syllabus )

*Time* : 4 hours *Full Marks* : 100

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।*

১। (ক) বাউল গানের মধ্য দিয়ে যে আধ্যাত্মিক সাধনার ঈঙ্গিত প্রত্যক্ষ করা গেছে তার বর্ণনা দাও। ১৬

*অথবা*

আরাকান রাজসভার সাহিত্য বাংলা মধ্যযুগের সাহিত্যে কেন উল্লেখযোগ্য? এই রাজসভার দুজন কবির কাব্য সম্পর্কে আলোচনা করো।

(খ) বাংলা কাব্য-সাহিত্যে 'ভোরের পাখি' কে, কাকে বলেছিলেন? বাংলা গীতিকাব্যে এই কবির কৃতিত্ব আলোচনা করো। ১৬

*অথবা*

বাংলা প্রবন্ধ-সাহিত্যে বঙ্কিমচন্দ্রের অবদান আলোচনা করো।

(গ) সংক্ষিপ্ত টীকা লেখো (যে কোনো তিনটি) : ৬×৩=১৮

রামপ্রসাদ সেন ; চন্দ্রাবতীর রামায়ণ ; ঘনরাম চক্রবর্তী ; ইতিহাসমালা ; সীতার বনবাস ; সবুজপত্র ; পথের পাঁচালী ; বনলতা সেন ; পুতুল নাচের ইতিকথা।

২। (ক) ট্র্যাজেডি রচনায় শেক্সপীয়রের মুন্সিয়ানার পরিচয় দাও। এই শ্রেণীর নাটকে তাঁর কৃতিত্ব কোথায়, দেখাও। ১৬

*অথবা*

ইংরেজী কবিতায় জন কীটস্-এর রোমান্টিক চেতনার পরিচয় দাও।

(খ) সংক্ষিপ্ত টীকা লেখো (যে কোনো একটি) : ৪

হাইপেরিয়ান ; লিরিক্যাল ব্যালাড্‌স ; দ্য প্রিলিউড ; অ্যাজ ইউ লাইক ইট।

৩। (ক) বাংলা ভাষার প্রচীন যুগের কালসীমা ও নিদর্শন উল্লেখ করে ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যের পরিচয় দাও। ১০

*অথবা*

উপভাষা কাকে বলে ? বাংলা ভাষায় কটি উপভাষা প্রচলিত ? এলাকা নির্দেশ করে যে কোনো একটি উপভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য উল্লেখ করো।





(খ) ব্যুৎপত্তি নির্ণয় করো (যে কোনো আটটি) : ১×৮=৮

আঠার ; উনুন/উনান ; পুঁথি ; পালকি ; জাঁদরেল ; চিঁড়া ; কুলুপ ; ভুঁই ; ওঝা ; রাখাল ; এয়ো ; দাম ; ইঁদারা।

(গ) টীকা লেখো (যে কোনো তিনটি) : ৪×৩=১২

সমীভবন ; সংকর শব্দ ; বিপর্যাস ; সম্মুখ স্বরধ্বনি ; মৌলিক শব্দ ; লোকনিরুক্তি।

★★★

B I (Three Year H)
Under 1+1+1 System

# 2018

## BENGALI (Honours)

SECOND PAPER

( Revised New Syllabus )

*Time* : 4 hours *Full Marks* : 100

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।*

১। (ক) মহাকাব্য কত প্রকার? উদাহরণসহ প্রত্যেক প্রকার মহাকাব্যের বৈশিষ্ট্য আলোচনা কর। ১০

*অথবা*

গীতিকবিতার সংজ্ঞা দাও। আধুনিক গীতিকবিতার বৈশিষ্ট্য আলোচনা কর।

(খ) মধ্যযুগের আখ্যানকাব্যের রূপভেদগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০

*অথবা*

সংক্ষিপ্ত পরিচয় দাও (যে কোনো দুটি) : ৫×২=১০

শোককবিতা ; ব্যঙ্গকবিতা ; জীবনীকাব্য ; লিপি-কবিতা।

২। 'মাথুর' কী? বিরহ বেদনার অশ্রুতে 'মাথুর'-এর পদগুলি কিভাবে সিক্ত হয়েছে, এই পর্যায়ের পদগুলি অবলম্বনে ব্যাখ্যা কর। ১৬

অথবা

"চণ্ডীদাসের সর্বস্ব আক্ষেপানুরাগ এবং আক্ষেপানুরাগের সর্বস্ব চণ্ডীদাস।" এই মন্তব্যটির বিশদ ব্যাখ্যা কর।

৩। কবি মুকুন্দ চক্রবর্তীকে দুঃখবাদী কবি বলা সঙ্গত কিনা, আলোচনা কর। ১৬

অথবা

'অভয়ামঙ্গল' কাব্যে কবির নারীচরিত্র সৃষ্টিতে নিপুণতার পরিমাপ নির্ণয় কর।

৪। 'ভক্তের আকৃতি' বলতে কি বোঝানো হয়েছে? এই পর্যায়ের বিভিন্ন পদে উল্লিখিত ভক্তের আকৃতির স্বরূপ আলোচনা কর। ১৬

অথবা

'আগমনী ও বিজয়া' পর্যায়ের কাব্যমূল্য বিচার কর।

৫। (ক) ছন্দ কাকে বলে? বাংলা প্রধান ছন্দ কয় প্রকার ও কী কী? এই ছন্দগুলির অক্ষরের মাত্রাপদ্ধতি কী? যে কোনো এক প্রকার ছন্দের বৈশিষ্ট্য উদাহরণসহ আলোচনা কর।

১+১+২+৫=৯

অথবা

টীকা লেখ : ৩×৩=৯

দল ; মাত্রা ; পর্ব।





(খ) যে কোনো দুটি ছন্দের ছন্দোলিপি নির্ণয় কর : ৪×২=৮

(১) কুলপাংশুলার গর্ভে জনম যাহার—
সেই দাসীপুত্র হবে মেবারের রাজা?
খদ্যোত হরিয়া লবে দ্যুতি চন্দ্রমার?
খগেন্দ্র বিক্রমে বনে বিচরিবে অজা?

(২) বেণীমাধব বেণীমাধব তোমার বাড়ী যাব,
বেণীমাধব তুমি কি আর আমার কথা ভাবো

(৩) হাড়বেরুনো খেজুরগুলো
ডাইনি যেন ঝামর চুলো
নাচতে ছিল সন্ধ্যাগমে
লোক দেখে কি থমকে গেল।

(৪) একথা জানিতে তুমি ভারত-ঈশ্বর শা-জাহান,
কালস্রোতে ভেসে যায় জীবন যৌবন ধনমান।

৬। (ক) অনুপ্রাস কি ও কয় প্রকার? উদাহরণসহ অনুপ্রাসের শ্রেণীবিভাগ কর। ৯

অথবা

টীকা লেখ : ৩×৩=৯

শ্লেষ ; পরম্পরিত রূপক ; পূর্ণোপমা।

(খ) অলঙ্কার নির্ণয় কর (যে কোনো দুটি) : ৩×২=৬

(১) কানুর পিরিতি চন্দনের রীতি ঘষিতে সৌরভময়।

(২) কণ্ঠস্বরে বজ্র লজ্জাহত।

(৩) চল চপলার চকিত চমকে করিছে চরণ বিচরণ।

(৪) ডুব দে মন কালি বলে
হৃদিরত্নাকরের অগাধ জলে।

★★★

B II (Three Year H)
Under 1+1+1 System

# 2018

# BENGALI (Honours)

## THIRD PAPER

( Revised New Syllabus )

*Time* : 4 hours *Full Marks* : 100

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।*

১। (ক) চেতনাপ্রবাহরীতি বলতে কি বোঝায়? বাংলা উপন্যাসে চেতনাপ্রবাহরীতি কাদের লেখায়, কীভাবে অনুসৃত হয়েছে, আলোচনা করো। ১০

*অথবা*

রাজনৈতিক উপন্যাস কাকে বলে? একটি বাংলা রাজনৈতিক উপন্যাসের পরিচয় দিয়ে কেন এটি সার্থক রাজনৈতিক উপন্যাস, বুঝিয়ে দাও। ১০

(খ) ছোটগল্পের বৈশিষ্ট্য উল্লেখ করে একাঙ্ক নাটকের সঙ্গে এর সম্পর্ক কেমন, বুঝিয়ে দাও। ১০

*অথবা*

একটি বাংলা আঞ্চলিক উপন্যাস বিশ্লেষণ করে আঞ্চলিক উপন্যাসের বৈশিষ্ট্যগুলির পরিচয় দাও। ১০

২। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :

(ক) আকস্মিক ও অতিপ্রাকৃত ঘটনার অঙ্কন 'রজনী' উপন্যাসের শিল্পগুণকে ক্ষুণ্ণ করেছে কিনা, লেখো। ১৬

*অথবা*

বাংলা উপন্যাসে আত্মকথনরীতির প্রচলন 'রজনী'র মাধ্যমে। উপন্যাসের ভাব-প্রকাশের রীতিটি কতটা সফল হয়েছে, আলোচনা করো। ১৬

(খ) 'চোখের বালি' উপন্যাসে বিভিন্ন চরিত্র দ্বারা লিখিত কয়েকটি পত্র রয়েছে। উপন্যাসের গতি নিয়ন্ত্রণে এই পত্রগুলি কি ভূমিকা পালন করেছে তা বিস্তারিতভাবে আলোচনা করো। ১৬

*অথবা*

'চোখের বালি' উপন্যাসের পরিণতি কতটা বাস্তবসম্মত হয়েছে তা আলোচনা করো। ১৬

(গ) বিশ্বেশ্বরী চরিত্রের টানাপোড়েনের মধ্যে আছে সংস্কারবোধের সঙ্গে ন্যায়বোধের দ্বন্দ্ব, আলোচনা করো। ১৬

*অথবা*

কাহিনী বিশ্লেষণ করে 'পল্লীসমাজ' উপন্যাসের নামকরণ সঙ্গত হয়েছে কিনা, বিচার করো। ১৬





৩। নিম্নলিখিত যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ৪×৩=১২

(ক) "ও ডালে ডালে বেড়ায়, আমি পাতায় পাতায় ফিরি যে।" একথা কে, কাকে, কার সম্পর্কে বলেছিলেন? কোন্ প্রসঙ্গে কথাটি বলা হয়েছিল?

(খ) "আমি বিধবা, আমি নিন্দিতা, সমস্ত সমাজের কাছে আমি তোমাকে লাঞ্ছিত করিব, এ কখনো হইতেই পারে না।" বক্তা কে? কাকে একথা বলা হয়েছে? লাঞ্ছিত করার প্রসঙ্গটি ব্যাখ্যা করো।

(গ) "ছোটবাবুর বড় বিদ্যার গৌরব ছিল।" ছোটবাবু কে? তাঁর বিদ্যাশিক্ষার প্রকৃত গৌরব কোথায়?

(ঘ) "রূপ রূপবানে নাই, রূপ দর্শকের মনে।" এই উক্তি কার? উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো।

(ঙ) "সংসারে সুখের স্থানই সবচেয়ে সংকীর্ণ, কোথাও তাহাকে সম্পূর্ণ নির্বিঘ্নে রাখিবার অবকাশ নাই।" কোন্ প্রসঙ্গে বলা হয়েছে? মন্তব্যটি ব্যাখ্যা করো।

৪। (ক) 'কঙ্কাল' গল্পে আধুনিক প্রেম মনস্তত্ত্ব কতখানি প্রকাশিত হয়েছে সে সম্পর্কে আলোচনা করো। ১০

*অথবা*

'একরাত্রি' ছোটগল্পটি কতটা শিল্পসার্থক তার পরিচয় দাও। ১০

(খ) হাস্যরসাত্মক গল্প হিসাবে প্রভাতকুমারের 'বলবান জামাতা' গল্পটির সার্থকতা বিচার করো। ১০

*অথবা*

"ত্রৈলোক্যনাথের জীবন-অভিজ্ঞতার লক্ষ্মীভাণ্ডার ডমরুচরিত।" 'স্বদেশী কোম্পানী' গল্প অবলম্বনে আলোচনা করো। ১০

★★★

B II (Three Year H)
Under 1+1+1 System

# 2018

## BENGALI (Honours)

FOURTH PAPER

( Revised New Syllabus )

*Time* : 4 hours *Full Marks* : 100

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।*

১। (ক) প্রবন্ধ কাকে বলে? আত্মগৌরবী ও বিষয়গৌরবী প্রবন্ধের বৈশিষ্ট্যের তুলনা করো। ১০

*অথবা*

ভ্রমণ সাহিত্য বলতে কি বোঝায়? যে কোনো একটি ভ্রমণ সাহিত্যের বিশ্লেষণ করে তোমার বক্তব্য প্রতিষ্ঠিত করো। ১০

(খ) বঙ্কিমচন্দ্র সমালোচনার কি উদ্দেশ্যের কথা বলেছেন? তাঁর মতের পর্যালোচনা করে সমালোচক হিসাবে তাঁর গোত্রের পরিচয় দাও। ১০

*অথবা*

সাহিত্যতত্ত্ব ও সাহিত্য-সমালোচনা সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ১০

২। (ক) 'কৌতুকহাস্য'-বিষয়ক আলোচনায় 'পঞ্চভূত'-এর সদস্যবৃন্দের দৃষ্টিভঙ্গি অনুসরণ করে হাস্যরসের প্রকৃতি নির্ধারণ করো। ১৬

*অথবা*

রবীন্দ্রনাথের 'নরনারী' প্রবন্ধটি অনুসরণে বাংলার সমাজ-সংসারে নারী ও পুরুষের যথার্থ স্থানটি নির্দেশ করো এবং সেই প্রসঙ্গে এই প্রবন্ধটির বৈশিষ্ট্য নিরূপণ করো। ১৬

(খ) ''সংস্কৃত কাব্যসাহিত্য বিশেষ করে কালিদাসের কাব্য রবীন্দ্রনাথের কল্পনাকে নানা দিকে নাড়া দিয়েছে।'' এই মন্তব্যটি আলোচনা করো। ১৬

*অথবা*

''সেই সামাজিক মহোৎপাতের দিনে নীচের জিনিস উপরে এবং উপরের জিনিস নীচে বিক্ষিপ্ত হইতেছিল।'' মন্তব্যটি অনুসরণে বাংলা সাহিত্যের পটভূমিটির পরিচয় দাও। ১৬

(গ) শশিভূষণ দাশগুপ্ত 'সাহিত্যের স্বরূপ' নামক সমালোচনামূলক প্রবন্ধে সাহিত্যের যে বৈশিষ্ট্যের কথা বলেছেন তার পরিচয় দাও। ১৬

*অথবা*

''বুদ্ধদেব বসুর 'রবীন্দ্রনাথ ও উত্তরসাধক' প্রবন্ধে রবীন্দ্রোত্তর বাংলা কবিতার বিবর্তনের রূপটি অঙ্কিত।'' এই মন্তব্যের সমীচীনতা বিচার করো। ১৬





৩। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ৪×৩=১২

(ক) বঙ্কিমচন্দ্র ঈশ্বরগুপ্তের কি কি দোষের কথা বলেছেন?

(খ) ''এই অন্তরঙ্গ উপন্যাসে বাস্তবতার বহিরাশ্রয় নেই।'' প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করো।

(গ) ভারতচন্দ্র সম্বন্ধে লেখক বলেছেন, ''তাঁর অঙ্গুলি ছিল মেজরাব মণ্ডিত''। কেন বলেছেন?

(ঘ) ''সাহিত্যে এখন বিশ্বজনীনতার নামে ব্যক্তিস্বাতন্ত্র্যের ধুয়া উঠিয়াছে।'' সাহিত্যের বিশ্বজনীনতা ও ব্যক্তিস্বাতন্ত্র্যের অর্থ কী?

(ঙ) খগেনবাবুর চরিত্র সম্পর্কে সুধীন্দ্রনাথের অভিমত কি তা তাঁর লেখা 'প্রাসঙ্গিক' প্রবন্ধ অবলম্বনে স্পষ্ট করো।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :

(ক) ''রবীন্দ্রনাথের অনেক ছোটগল্প রচনার বীজ 'ছিন্নপত্র'-এ ইতস্তত ছড়িয়ে রয়েছে।'' আলোচনা করো। ১০

*অথবা*

'ছিন্নপত্র' অবলম্বনে রবীন্দ্রনাথের গদ্যরীতির পরিচয় দাও। ১০

(খ) 'ছিন্নপত্র' পত্রসাহিত্য হিসাবে কতটা সার্থক, আলোচনা করো। ১০

*অথবা*

'ছিন্নপত্র'-এর চিঠিতে রবীন্দ্রনাথের মর্তপ্রীতির প্রতিফলন কতটা ঘটেছে তা দেখাও। ১০

★ ★ ★

B III (Three Year H)
Under 1+1+1 System

# 2018

## BENGALI (Honours)

FIFTH PAPER

( Revised New Syllabus )

*Time* : 4 hours *Full Marks* : 100

পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।

১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) ট্র্যাজেডির সাধারণ বৈশিষ্ট্য নিরূপণ করে একটি বাংলা ট্র্যাজেডির আলোচনা করো।

(খ) কমেডির শ্রেণীবিভাগ করে যে কোনো একটি শ্রেণীর পরিচয় দাও।

(গ) একাঙ্ক নাটক কাকে বলে? একাঙ্ক নাটকের আঙ্গিকগত বৈশিষ্ট্যের পরিচয় দাও। একটি সার্থক বাংলা একাঙ্ক নাটকের আলোচনা করো।

(ঘ) 'গীতিনাট্য' ও 'নৃত্যনাট্য'-এর একটি তুলনামূলক আলোচনা করো।

২। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) উনিশ শতকের প্রথমার্দ্ধে কলকাতায় যে সব বিদেশি রঙ্গালয়ে নাট্যচর্চা হত তাদের সংক্ষিপ্ত পরিচয় দাও।

(খ) বাংলা নাট্যরচনা ও অভিনয়ের ধারায় 'বেলগাছিয়া' নাট্যমঞ্চের ভূমিকার পরিচয় দাও।

(গ) 'নাট্য নিয়ন্ত্রণ আইন' বাংলা নাটক ও রঙ্গমঞ্চকে কতখানি প্রভাবিত করেছিল, আলোচনা করো।

(ঘ) সংক্ষিপ্ত পরিচয় দাও :

(১) বিজন ভট্টাচার্য

(২) চৌরঙ্গী থিয়েটার

৩। 'নীলদর্পণ' নাটকের ভদ্র ও ভদ্রেতর চরিত্রগুলি আলোচনা করে চরিত্র সৃষ্টিতে নাট্যকারের সাফল্য ও ব্যর্থতার পরিচয় দাও। ১৬

*অথবা*

'নীলদর্পণ' কোন্ শ্রেণীর নাটক, বিশ্লেষণ করে দেখাও।

৪। 'মুক্তধারা' নাটকে রবীন্দ্রনাথ যান্ত্রিকতা এবং হিংসাত্মক জাতীয়তার বিরুদ্ধে প্রতিবাদ ঘোষণা করেছেন। আলোচনা করো। ১৬

*অথবা*

রূপক-সাংকেতিক নাটক কাকে বলে? 'মুক্তধারা' নাটককে কোন্ শ্রেণীর নাটক বলা যায়?





৫। 'ছেঁড়াতার' নাটকটিকে সার্থক ট্র্যাজেডি বলা যায় কিনা, আলোচনা করো। ১৬

*অথবা*

'ছেঁড়াতার' নাটকের কোরাস চরিত্র রূপে গোবিন্দ চরিত্রের বৈশিষ্ট্য আলোচনা করো।

৬। যে কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ৪×৩=১২

(ক) ''আহা! জমি তো নয় য্যান সোনার চাঁপা।'' তাৎপর্য ব্যাখ্যা করো।

(খ) ''বিশ হাজার ধান নিয়ে পাঁচ হাজার ফিরৎ দিবার চাইস?'' কার প্রতি, কার উক্তি? প্রসঙ্গ নির্দেশ করো।

(গ) ''ভাঙনের যিনি দেবতা তিনি সবসময় বড়ো পথ দিয়ে চলাচল করেন না।'' মন্তব্যটির তাৎপর্য বিশ্লেষণ করো।

(ঘ) 'মুক্তধারা' নাটকে জনতা চরিত্রের ভূমিকার পরিচয় দাও।

(ঙ) ''জুড়াইছে? জুড়াইছে? আল্লা আঁয় কি জুড়াইছে?'' কে, কোথায় একথা বলেছে? উক্তিটির তাৎপর্য লেখো।

★★★

B III (Three Year H)
Under 1+1+1 System

**2018**

# BENGALI (Honours)

SIXTH PAPER

( Revised New Syllabus )

*Time* : 4 hours *Full Marks* : 100

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।*

১। "মাতৃত্বের কোমলতার দিক থেকে অভিন্ন হলেও জনা ও কেকয়ী ভিন্ন ভিন্ন অর্থে বীরাঙ্গনা।" আলোচনা করো। ১৬

*অথবা*

পৌরাণিক নারীচরিত্রগুলি কিভাবে মধুসূদনের হাতে নবরূপ লাভ করেছে তা আলোচনা করো। 'বীরাঙ্গনা' কাব্যকে নারীমুক্তির কাব্য বলা যায় কিনা সে সম্পর্কে নিজস্ব যুক্তি দাও।

২। 'নিরুদ্দেশ যাত্রা' কবিতায় রবীন্দ্রনাথের সৌন্দর্যচেতনার যে প্রকাশ ঘটেছে তার সম্যক পরিচয় দাও। ১৬

*অথবা*

"রবীন্দ্রকাব্যের ধারায় 'সোনার তরী' কোনো ব্যতিক্রম নয়।" আলোচনা করো।

৩। ‘‘এরা বসন্তের ফুল নয়, এরা প্রৌঢ় ঋতুর ফসল।’’
‘নবজাতক’ কাব্যগ্রন্থের কয়েকটি কবিতা অবলম্বনে কবির এই উক্তির তাৎপর্য পরিস্ফুট করো। ১৬

*অথবা*

‘নবজাতক’ কাব্যে আধুনিকতার যে চিহ্নগুলি জেগে উঠেছে তা উদাহরণ সহযোগে আলোচনা করো।

৪। (ক) ‘ত্রিরত্ন’ কবিতার নামকরণের সার্থকতা আলোচনা করো। এই ত্রিরত্নের মধ্যে কাকে তুমি শ্রেষ্ঠ রত্ন বলে মনে করো এবং কেন তা নিজস্ব যুক্তি দিয়ে বিচার করো। ১০

*অথবা*

‘‘স্বতঃস্ফূর্ততা ও ভাবাতিরেক নজরুলের কবিতার প্রধান গুণ।’’ ‘দারিদ্র্য’ কবিতা অবলম্বনে উদ্ধৃত অংশটি ব্যাখ্যা করো।

(খ) ‘পথের দাবী’ কবিতায় কবির জীবন-প্রীতি ও মানুষের প্রতি ভালবাসা প্রাধান্য পেয়েছে।’’ আলোচনা করো। ১০

*অথবা*

তোমার পাঠ্য কবিতা অবলম্বনে রবীন্দ্রানুসারী ও রবীন্দ্রোত্তর কবিদের কবিতা সম্পর্কে একটি সুসংহত আলোচনা করো।





৫। (ক) রবীন্দ্র-প্রভাবের বিরুদ্ধে বুদ্ধদেবের তথা আধুনিক কবির বিদ্রোহ প্রথম সার্থক রূপ নিল ‘বন্দীর বন্দনায়’। আলোচনা করো। ১০

*অথবা*

‘উটপাখি’ কবিতার নিরিখে সুধীন্দ্রনাথকে নৈরাশ্যবাদী কবি বলার যৌক্তিকতা বিচার করো।

(খ) ‘নগ্ন নির্জন হাত’ কবিতাটির নামকরণ কি সার্থক হয়েছে? নিজস্ব যুক্তি দিয়ে আলোচনা করো। ১০

*অথবা*

‘ফুল ফুটুক না ফুটুক’ কবিতায় আইবুড়ো মেয়েটির দৃষ্টিকোণ থেকে তার জীবনের প্রত্যেকটি দিনকে বসন্ত বলার তাৎপর্য বিশ্লেষণ করো।

৬। যে কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ৪×৩=১২

(ক) ‘‘এ মনে যে সুখ-পাখী ছিল বাসা বাঁধি,
কোন ব্যাধ বেশে আসি বাঁধিলে তাহারে,
নরাধিপ?’’

এখানে নরাধিপ কে? তাকে কেন ব্যাধের সঙ্গে তুলনা করা হয়েছে? উক্তিটির প্রকৃত তাৎপর্য কি তা সংক্ষেপে বিবৃত করো।

(খ) ‘‘গুরুপত্নী চাহে ভিক্ষা, দেহ ভিক্ষা তারে’’

উদ্ধৃতিটি কোন্ পত্রিকার অংশ? এখানে কোন্ গুরুপত্নীর কথা বলা হয়েছে? তিনি কার কাছে, কি ভিক্ষা চেয়েছেন?

(গ) ''মানবের শিশু বারেবারে আনে
চির আশ্বাসবাণী।''

কোন্ কবিতা থেকে অংশটি গ্রহণ করা হয়েছে? অংশটির তাৎপর্য আলোচনা করো।

(ঘ) 'নবজাতক' কবিতায় কবি কার জয়গান করেছেন? অতি সংক্ষেপে সেই জয়গানের প্রসঙ্গটি উল্লেখ করো।

(ঙ) ''ওগো তুমি কোথা যাও কোন বিদেশে?''

এখানে 'তুমি' বলতে কাকে বোঝানো হয়েছে? উদ্ধৃতিটির তাৎপর্য বিশ্লেষণ করো।

★★★

B III (Three Year H)
Under 1+1+1 System

**2018**

## BENGALI (Honours)

SEVENTH PAPER

( Revised New Syllabus )

*Time* : 4 hours *Full Marks* : 100

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।*

১। এপিক উপন্যাস বলতে কি বোঝ ? 'ধাত্রীদেবতা' উপন্যাসকে কি এপিক উপন্যাস বলা যায় ? ১৬

*অথবা*

শিবনাথ শুধু রাজনৈতিক স্বাধীনতা লাভের জন্য উন্মুখ নয়, সে অর্থনৈতিক উন্নয়নেরও রূপকার। এ দিক থেকে চরিত্রটির ব্যাখ্যা করা যায় কী ?

২। "ধীবর জীবনের সামগ্রিক রূপকে উপেক্ষা করে ব্যক্তি জীবনের কথাকেই 'পদ্মানদীর মাঝি' উপন্যাসে প্রাধান্য দেওয়া হয়েছে।" এই মন্তব্যের যথার্থতা বিচার করো। ১৬

*অথবা*

"কপিলার আদিম ও অ-সংস্কৃত মনোবৃত্তির মধ্যে ছলনাময়ী নারী-প্রকৃতির সনাতন রহস্য বাসা বাঁধিয়াছে।" এই মন্তব্যের প্রেক্ষিতে কপিলার চরিত্রটি বিশ্লেষণ করো।

৩। রাজনৈতিক উপন্যাস কাকে বলে? রাজনৈতিক উপন্যাস হিসেবে 'জাগরী' সার্থক কিনা, আলোচনা করো। ১৬

*অথবা*

'জাগরী' উপন্যাসে মা চরিত্রটি বিশ্লেষণ করে দেখাও তা কতটা পারিপার্শ্বিক অবস্থার চাপে নিয়ন্ত্রিত।

৪। (ক) 'প্রথম প্রতিশ্রুতি' উপন্যাসের নামকরণকে কি সার্থক বলা যায়? তোমার মতামতের স্বপক্ষে যুক্তি দেখাও। ১০

*অথবা*

'প্রথম প্রতিশ্রুতি' উপন্যাসে অপ্রধান ও গৌণ চরিত্রগুলির পরিচয় দাও। উপন্যাসে কোন্ প্রয়োজন এরা সিদ্ধ করেছে, ব্যাখ্যা করো।

(খ) ''বাংলাদেশের সেই অজ্ঞাত অন্তঃপুরের নিভৃতে প্রথম যাঁরা বহন করে এনেছেন প্রতিশ্রুতি স্বাক্ষর, এ গ্রন্থে সেই অনামী মেয়েদের কাহিনী।'' মন্তব্যটির আলোকে সত্যবতী চরিত্রটি পর্যালোচনা করো। ১০

*অথবা*

'প্রথম প্রতিশ্রুতি' উপন্যাস অবলম্বনে রামকালী ও ভুবনেশ্বরী চরিত্রের পরিচয় দাও।





৫। (ক) 'লম্বকর্ণ' গল্প অবলম্বনে হাস্যরস সৃজনে পরশুরামের নৈপুণ্যের পরিচয় দাও। ১০

*অথবা*

'পুঁইমাচা' গল্পে একটি করুণ ট্র্যাজেডির সুর অন্তর্লীন হয়ে রয়েছে, আলোচনা করো।

(খ) 'স্টোভ' গল্পের কাহিনী বিশ্লেষণ করে নামকরণের সার্থকতা আলোচনা করো। ১০

*অথবা*

আধুনিক ছোটগল্পের সংজ্ঞা ও স্বরূপের পরিচয় দিয়ে তোমার পাঠ্য যে কোনো একটি গল্পের ছোটগল্প হিসেবে সার্থকতা আলোচনা করো।

৬। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ৪×৩=১২

(ক) ''চলিতে হইবে, সে একলাই চলিবে।'' কার চলার কথা বলা হয়েছে? কখন, কোন্ উদ্দেশ্যে সে চলতে চেয়েছে? তার তাড়ণার পেছনে কোন্ জীবনদর্শন ক্রিয়াশীল?

(খ) ''জন্মের অভ্যর্থনা এখানে গম্ভীর, নিরুৎসব, বিষণ্ণ। জীবনের স্বাদ এখানে শুধু ক্ষুধা ও পিপাসায়, কাম ও মমতায়, স্বার্থ ও সঙ্কীর্ণতায়।'' 'এখানে' বলতে কোন্ স্থানকে বোঝানো হয়েছে? মন্তব্যটির তাৎপর্য সংক্ষেপে লেখো।

(গ) 'জাগরী' কোন্ রাজনৈতিক পটভূমিকায় রচিত? কোন্ কোন্ রাজনৈতিক মতাদর্শের পরিচয় এতে আছে?

(ঘ) 'হোসেন মিঞা'-র গানটির তাৎপর্য সংক্ষেপে লেখ।

(ঙ) 'ধাত্রীদেবতা' উপন্যাসে ঘোড়া কেনার ঘটনাটির মধ্যে কিসের ইঙ্গিত রয়েছে, সংক্ষেপে ব্যাখ্যা করো।

★★★

B III (Three Year H)
Under 1+1+1 System

**2018**

# BENGALI (Honours)

EIGHTH PAPER

( Revised New Syllabus )

*Time* : 4 hours *Full Marks* : 100

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।*

১। (ক) “ ‘অভিজ্ঞান শকুন্তলম’ নাটককে মহাকবি গ্যেটে স্বর্গ ও মর্ত্যের মিলনকেন্দ্র বলেছেন।” এ উক্তির সার্থকতা আলোচনা করো। ১০

*অথবা*

কালিদাসের ‘মেঘদূতম্’ কাব্যটির শ্রেণী বিচার করো ও তার কাব্য-সৌন্দর্যের পরিচয় দাও।

(খ) বাণভট্টের ‘হর্ষচরিত’কে ‘আখ্যায়িকা’ এবং ‘কাদম্বরী’কে ‘কথা’ বলা হয়েছে কেন, আলোচনা করো। ১০

*অথবা*

ভবভূতির ‘মালতীমাধব’ নাটকের কাহিনী নির্মাণশৈলীর আলোচনা করো।

২। (ক) নাট্যকার হিসেবে ভারতেন্দু হরিশ্চন্দ্রের সার্থকতা বিচার করো। ১০

*অথবা*

মৈথিলীশরণ গুপ্তের কাব্যধারার আলোচনা করে তাঁর কবিতায় বিধৃত ভারতচেতনার স্বরূপ উদ্‌ঘাটন করো।

(খ) "প্রেমচন্দের সাহিত্য নিপীড়িত মানুষের দুর্দশার দর্পণ।" অভিমতটি নিজস্ব যুক্তির আলোয় আলোচনা করো। ১০

*অথবা*

"রবীন্দ্রনাথ তাঁর কবিতার মৌলে মিশে আছেন নিজস্ব রকমে।" কবি সুমিত্রানন্দন পন্থের কবিতার আলোচনায় উদ্ধৃত অংশটি যথাযথ কিনা, বিচার করো।

৩। কাব্যের আত্মা নিরূপণ করতে গিয়ে আলংকারিকেরা শেষ পর্যন্ত কোন্ সিদ্ধান্তে উপনীত হয়েছেন, আলোচনা করে দেখাও। ১৬

*অথবা*

উপযুক্ত দৃষ্টান্ত দিয়ে বিভাব, অনুভাব ও সঞ্চারীভাব কাকে বলে, বুঝিয়ে দাও।

৪। 'সৌন্দর্যবোধ' প্রবন্ধ অবলম্বনে রাবীন্দ্রিক সৌন্দর্য-চেতনার পরিচয় দাও। ১৬

*অথবা*

"চিত্র ও সঙ্গীত সাহিত্যের প্রধান উপকরণ।" 'সাহিত্যের তাৎপর্য' প্রবন্ধের অনুসরণে আলোচনা করো।





৫। (ক) রসকে অলৌকিক বলা হয় কেন? ৪

*অথবা*

"যা শ্রেষ্ঠ কাব্য তার প্রকৃতিই হচ্ছে বাচ্যকে ছাড়িয়ে যাওয়া।" একটি দৃষ্টান্ত দিয়ে বিষয়টি বুঝিয়ে দাও।

(খ) "সত্যই আনন্দ সত্যই অমৃত।" ব্যাখ্যা করো। ৪

*অথবা*

'নীরব কবিত্ব'কে রবীন্দ্রনাথ বাজে কথা বলেছেন কেন?

৬। প্রবন্ধ রচনা করো (যে কোনো একটি) : ২০

(ক) মধ্যযুগের বাংলা সাহিত্যে সমাজবাস্তবতার রূপ

(খ) বাংলা আঞ্চলিক উপন্যাস

(গ) স্বাধীনতা-পরবর্তী বাংলা ছোটগল্প

(ঘ) বাংলা ঐতিহাসিক নাটক

(ঙ) উত্তরবঙ্গের লোকগানের ধারা

★★★